কালের কণ্ঠ

তারিখ ... 09 ... 2013 ...
পৃ: ১৩ কলাম: ৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# রাষ্ট্রপতির নির্দেশে আন্দোলন প্রত্যাহার করলেন শিক্ষকরা

জাবি প্রতিনিধি ▶

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আনোয়ার হোসেনের পদত্যাগ দাবিতে চলমান আন্দোলন প্রত্যাহার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট নিরসনে রাষ্ট্রপতির আদেশের পরিপ্রেক্ষিতে আন্দোলন প্রত্যাহার করা হয়েছে বলে জানান আন্দোলনরত শিক্ষকরা।

সাধারণ শিক্ষক ফোরামের সদস্যসচিব অধ্যাপক কামরুল আহসান বলেন, 'বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট নিরসনে মহামান্য রাষ্ট্রপতি নির্দেশ দিয়েছেন। আচার্যের নির্দেশ ▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৮

## রাষ্ট্রপতির নির্দেশে

▶▶ শেষ পৃষ্ঠার পর

বাস্তবায়নের জন্য আমরা নিঃশর্তভাবে আন্দোলন প্রত্যাহার করেছি।' এর ফলে পাঁচ দিন পর অবরোধমুক্ত হলেন উপাচার্য মো. আনোয়ার হোসেন। অন্যদিকে গতকাল সন্ধ্যায় শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির সভায়ও ধর্মঘট প্রত্যাহার করার সিদ্ধান্ত হয়েছে। আর রাষ্ট্রপতির নির্দেশনার বিষয়ে আজ শনিবার সকালে সব শিক্ষককে নিয়ে বৈঠক করা হবে বলে জানান শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার।

ফোরামের আহ্বায়ক অধ্যাপক হানিফ আলী সংবাদ সম্মেলনে বলেন, 'রাষ্ট্রপতির নির্দেশনায় উপাচার্য প্যানেল নির্বাচনের কথা বলা হয়েছে। সিনেটে প্রতিনিধি নির্বাচনের পর উপাচার্য প্যানেল নির্বাচনের কথা বলা হয়নি।

উপাচার্য যদি রাষ্ট্রপতির নির্দেশনার বিষয়ে মিথ্যাচার করেন এবং সিনেট প্রতিনিধি নির্বাচন ঘোষণা করেন তবে রাষ্ট্রপতির নির্দেশনা বাস্তবায়নে রবিবার থেকে তীব্র আন্দোলন করা হবে।'

**উপাচার্যকে হত্যার হুমকি :** উপাচার্য মো. আনোয়ার হোসেন ও তাঁর স্ত্রীকে বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে। বৃহস্পতিবার রাত ৯টা ২১ মিনিটে ০১৭৮৬৩২১২৫১ নম্বর থেকে উপাচার্যের মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে এ হুমকি দেওয়া হয়। তিনি এখনো জাবি ক্যাম্পাস ছেড়ে চলে না যাওয়ায় তাঁকে ও তাঁর স্ত্রীকে হত্যার হুমকি দেওয়া হয় বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। এ ব্যাপারে আশুলিয়া থানায় জিডি করা হয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদারকেও হত্যার হুমকি দেওয়া হয়েছে। অধ্যাপক অজিত বলেন, 'এসএমএসের মাধ্যমে আমাকে হত্যার হুমকি দেওয়া হয়েছে।'